

## সেবার তালিকা

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদগঞ্জ, চাঁদপুর ফসলের টেকসই ও লাভজনক উৎপাদন নিশ্চিতকরণের জন্য দক্ষ, ফলপ্রসূ, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্প্রসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণের জন্য কার্যক্রম পরিচালনা এবং উপজেলার কৃষি বিষয়ক সার্বিক কার্যক্রম তদারকি করে থাকে।

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদগঞ্জ, চাঁদপুর থেকে একজন নাগরিক নিম্নবর্ণিত সেবাসমূহ পেতে পারেন:

- উপজেলার কৃষি বিষয়ক তথ্য ও পরামর্শ প্রাপ্তি।
- মাঠ ফসলের যে কোন সমস্যায় কারিগরি সহায়তা।
- কৃষি উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপের তথ্য প্রাপ্তি।
- বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষি বিষয়ক প্রশিক্ষণ।
- খুচরা সার বিক্রেতা ও কীটনাশকের বিপণন লাইসেন্স।
- শর্ত পূরণ সাপেক্ষে উন্নয়ন সহায়তার মাধ্যমে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি প্রাপ্তি।
- বসতবাড়ির আঙ্গিনায়/ ছাদে বাগান স্থাপনে কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান।
- নার্সারী ব্যবসায়ীদের চারা উৎপাদন ও বিক্রেতার সার্টিফিকেট প্রদান।

সেবাসমূহ প্রাপ্তির জন্য সিটিজেন চার্টার/নাগরিক সনদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য সম্মানিত নাগরিকগণকে অনুরোধ করা যাচ্ছে।